গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১১৭০ তারিখ: ০৭ পৌষ ১৪৩২ / ২২ ডিসেম্বর ২০২৫

**বিভাগীয় মামলা নং-০৭/২০২৫**

বিষয়: জনাব শিমুল বড়ুয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুকরণ।

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব শিমুল বড়ুয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামে কর্মরত রয়েছেন। দায়িত্ব পালনে গাফিলতি, অফিসে হাজিরা খাতায় কয়েকদিন আগে অগ্রিম স্বাক্ষর করে রাখা, দেরিতে অফিসে উপস্থিত হওয়া, নির্ধারিত সময়ের পূর্বে অফিস ত্যাগ করা, দাপ্তরিক টেলিযোগাযোগে সাড়া না দেওয়া, ঔদ্ধত্যপূর্ণ আচরণ প্রদর্শন ও কর্মচারীদের সাথে দুর্ব্যবহারের অভিযোগের প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের ০৪-১১-২০২৫ তারিখের ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৪.২৪.১২৭ নম্বর স্মারক মারফত ০৩ (তিন) কার্যদিবসের সময় দিয়ে আপনাকে কারণ দর্শানো হয়। এ প্রেক্ষিতে আপনি ১৯-১১-২০২৫ তারিখে যথাযথ মাধ্যম ব্যতীত ত্রুটিপূর্ণ ও অগ্রহণযোগ্য জবাব দাখিল করেন;

০২। যেহেতু, আপনি ১৪-১০-২০২৫ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামের উচ্চমান সহকারী জনাব লাভলী আক্তার এর সাথে দুর্ব্যবহার করেন; এ প্রেক্ষিতে তিনি আপনার বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন;

০৩। যেহেতু, আপনি ২২-১০-২০২৫ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামের অফিস সহায়ক জনাব আবুল বাশার এর সাথে দুর্ব্যবহার করেন; এ প্রেক্ষিতে তিনি আপনার বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন;

০৪। যেহেতু, আপনি ০৯-১০-২০২৫ এবং ১৯-১০-২০২৫ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামে অনুপস্থিত ছিলেন; অথচ, বর্ণিত তারিখসমূহের পূর্বে হাজিরা খাতায় অগ্রিম স্বাক্ষর করেন;

০৫। যেহেতু, অননুমোদিত ছুটির অভিযোগে ৩১-০৮-২০২৫ তারিখে ০৭ (সাত) কর্মদিবসের সময় দিয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামের উপমহাপরিদর্শক কর্তৃক আপনাকে কারণ দর্শানো হলেও আপনি তার জবাব দাখিল করেননি;

০৬। যেহেতু, আপনার এ ধরনের অসঙ্গত আচরণ চাকুরী শৃঙ্খলার জন্য হানিকর এবং একজন সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ; এবং

০৭। যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মতে 'অসদাচরণ' এবং একই বিধিমালার ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত শাস্তিযোগ্য অপরাধ।

০৮। সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে 'চাকুরী হইতে বরখাস্ত' করা হবে না অথবা একই বিধিমালায় বর্ণিত অন্য কোনো উপযুক্ত দন্ড প্রদান করা হবে না- তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি-না বা আপনার পক্ষ সমর্থনে কোনো সাক্ষ্য/প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা- তা নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ে জবাব প্রদানে ব্যর্থ হলে প্রতীয়মান হবে যে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের

বিষয়ে আপনার কোনো বক্তব্য নেই এবং এক্ষেত্রে কর্তৃপক্ষ একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন। যে অভিযোগ বিবরণীর ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

**প্রাপক:**
জনাব শিমুল বড়ুয়া
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়; শিল্প সম্পর্ক শিক্ষায়তন (আইআরআই), পলিটেকনিক রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২০৯
(বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের বিপরীতে)
**স্থায়ী ঠিকানা:**
জনাব শিমুল বড়ুয়া
পিতা: জনাব রতন কুমার বড়ুয়া
গ্রাম: উত্তর হাশিমপুর, ডাক: গাছবাড়িয়া, উপজেলা: চন্দনাইশ
জেলা: চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-**১১৯০**/১(৯)

তারিখ: ০৭ পৌষ ১৪৩২ / ২২ ডিসেম্বর ২০২৫

**জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। যুগ্মমহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
২। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, চট্টগ্রাম;
৩। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৪। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৫। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। জনাব শিমুল বড়ুয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ব্যক্তিগত নথি;
৭। ডোসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা;
৮। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৯। অফিস কপি/গার্ড ফাইল।

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

## অভিযোগ বিবরণী

জনাব শিমুল বড়ুয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামে কর্মরত রয়েছেন। বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে অভিযোগসমূহ নিম্নরূপ:

১. দায়িত্ব পালনে গাফিলতি, অফিসে হাজিরা খাতায় কয়েকদিন আগে অগ্রিম স্বাক্ষর করে রাখা, দেরিতে অফিসে উপস্থিত হওয়া, নির্ধারিত সময়ের পূর্বে অফিস ত্যাগ করা, দাপ্তরিক টেলিযোগাযোগে সাড়া না দেওয়া, ঔদ্ধত্যপূর্ণ আচরণ প্রদর্শন ও কর্মচারীদের সাথে দুর্ব্যবহারের অভিযোগের প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের ০৪-১১-২০২৫ তারিখের ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৪.২৪.১২৭ নম্বর স্মারক মারফত ০৩ (তিন) কার্যদিবসের সময় দিয়ে তাকে কারণ দর্শানো হয়। এ প্রেক্ষিতে তিনি ১৯-১১-২০২৫ তারিখে যথাযথ মাধ্যম ব্যতীত ত্রুটিপূর্ণ ও অগ্রহণযোগ্য জবাব দাখিল করেন;

২. তিনি ১৪-১০-২০২৫ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামের উচ্চমান সহকারী জনাব লাভলী আক্তার এর সাথে দুর্ব্যবহার করেন; এ প্রেক্ষিতে জনাব লাভলী আক্তার জনাব শিমুল বড়ুয়ার বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন;

৩. তিনি ২২-১০-২০২৫ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামের অফিস সহায়ক জনাব আবুল বাশার এর সাথে দুর্ব্যবহার করেন; এ প্রেক্ষিতে জনাব আবুল বাশার জনাব শিমুল বড়ুয়ার বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন;

৪. তিনি ০৯-১০-২০২৫ এবং ১৯-১০-২০২৫ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামে অনুপস্থিত ছিলেন; অথচ, বর্ণিত তারিখসমূহের পূর্বে হাজিরা খাতায় অগ্রিম স্বাক্ষর করেন;

৫. অননুমোদিত ছুটির অভিযোগে ৩১-০৮-২০২৫ তারিখে ০৭ (সাত) কার্যদিবসের সময় দিয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামের উপমহাপরিদর্শক কর্তৃক তাকে কারণ দর্শানো হলেও তিনি তার জবাব দাখিল করেননি;

৬. তার এ ধরনের অসঙ্গত আচরণ চাকুরী শৃঙ্খলার জন্য হানিকর এবং একজন সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ; এবং

৭. জনাব শিমুল বড়ুয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম এর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ)-তে বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত এবং উক্ত বিধিমালার বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ।

২৭.১১.২৫

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)